# এগ্রি-ভার্সিটি এক্স রোটারেক্টর ফোরাম

স্মারক নং-০১

তারিখঃ ০৫. ১২. ২০২৩

## শিক্ষা বৃত্তির বিজ্ঞপ্তি

এগ্রি-ভার্সিটি এক্স রোটারেক্টর ফোরাম কর্তৃক প্রদত্ত শিক্ষাবৃত্তির আওতায় আন্ডার গ্রাজুয়েট পর্যায়ে বৃত্তির জন্য বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে অধ্যায়নরত শিক্ষার্থীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

১। বৃত্তির পরিমানঃ
ক) প্রতিমাসে ২০০০ টাকা করে প্রতি সেমিস্টারে,১২০০০ টাকা।
খ) বৃত্তিপ্রাপ্ত কোনো শিক্ষার্থীর সেমিস্টার রেজাল্ট সিজিপিএ ৪.০০ হলে অধিকতর প্রণোদনা/সম্মাননা প্রদান করা যেতে পারে।

২। বৃত্তির মেয়াদঃ
প্রাথমিকভাবে ০২ (দুই) সেমিস্টার। পরবর্তীতে একাডেমিক রেজাল্ট সন্তোষজনক হলে বৃত্তির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। একাডেমিক রেজাল্ট সন্তোষজনক না হলে বৃত্তির মেয়াদ বৃদ্ধি করা হবে না। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত।

৩। বৃত্তির সংখ্যা: ১৫ টি

৪। আবেদনের যোগ্যতাঃ
ক) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ের শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
খ) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।
গ) অস্বচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
ঘ) কৃষিবিশ্ববিদ্যালয় রোটার‍্যাক্ট ক্লাবের অস্বচ্ছল ও মেধাবী সদস্য-কে অগ্রাধিকার প্রদান করা হবে।

৫। শর্তসমূহঃ
ক) অন্য কোনো উৎস হতে বৃত্তিপ্রাপ্ত হলে এগ্রি-ভার্সিটি এক্স রোটার‍্যাক্টর ফোরামের বৃত্তির জন্য আবেদন করা যাবে না।
খ) এগ্রি ভার্সিটি এক্স রোটারেক্টর ফোরামের বৃত্তিপ্রাপ্ত হলে অন্য কোনো উৎস্য হতে বৃত্তি গ্রহণ করা যাবে না। অন্য কোনো উৎস্য হতে বৃত্তি গ্রহণ করতে চাইলে ফোরাম হতে প্রাপ্ত বৃত্তি বাতিলের জন্য ফোরামের সভাপতির নিকট আবেদন করতে হবে।
গ) কোনো অসামাজিক কিংবা বেআইনি কার্যকলাপে যুক্ত কোন শিক্ষার্থী বৃত্তির জন্য আবেদন করতে পারবে না। বৃত্তিপ্রাপ্ত কোনো ছাত্র অনুরূপ কার্যে লিপ্ত হলে তার বৃত্তি বাতিল করা হবে।
ঘ) আবেদনপত্রে কোনো প্রকার মিথ্যা তথ্য প্রদান করা যাবে না। মিথ্যা তথ্য প্রমানিত হলে আবেদনপত্র বাতিল/বৃত্তি বাতিল করা হবে।

৬। আবেদন ফরম প্রাপ্তিস্থান ও জমাদানের পদ্ধতিঃ
ক) এগ্রি-ভার্সিটি এক্স রোটারেক্টর ফোরাম কর্তৃক প্রদত্ত শিক্ষাবৃত্তির জন্য প্রেসক্রাইভ ফরমে আবেদনপত্র করতে হবে। প্রেসক্রাইভ ফরম ব্যতীত আবেদনপত্র গ্রহণ করা হবে না। নিম্নলিখিত ব্যক্তির নিকট/অফিস হতে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

- ড. মোঃ রুহুল আমিন, প্রফেসর, এনিমেল সায়েন্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (মোবাইলঃ ০১৭১৪২১৭১৫৭)।
- ড. মোঃ নাহিদ সাত্তার, প্রফেসর, কৃষি অর্থনীতি বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (মোবাইলঃ ০১৭৯৬২৬৬৭২৯)।
- ড. এ. কে. এম. মমিনুল ইসলাম, প্রফেসর, কৃষিতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (মোবাইলঃ ০১৭১৮৫১২০৮২)।
- রোটা. নুজহাত তাবাসসুম, প্রেসিডেন্ট, কৃষি বিশ্ববিদ্যালয় রোটার‍্যাক্ট ক্লাব (মোবাইলঃ ০১৯৫২৬০৮১৪৭)।

খ) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে শিক্ষাবৃত্তি কমিটির আহবায়ক ড. মোঃ রুহুল আমিন, প্রফেসর, এনিমেল সায়েন্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এর নিকট জমা প্রদান করতে হবে।
গ) ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদনপত্র জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের পর আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৭। ফলাফল প্রদানঃ

- বৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের সাথে ফোনে যোগাযোগ করা হবে।
- বৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা শিক্ষাবৃত্তি কমিটির আহবায়ক ড. মোঃ রুহুল আমিন, প্রফেসর, এনিমেল সায়েন্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এর অফিস চেম্বারে টানিয়ে দেওয়া হবে।
- বৃত্তির জন্য শিক্ষার্থী নির্বাচনে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(ড. মোঃ রুহুল আমিন)
আহবায়ক
এগ্রি-ভার্সিটি এক্স রোটারেক্টর ফোরাম শিক্ষাবৃত্তি কমিটি ও
প্রফেসর, এনিমেল সায়েন্স বিভাগ,
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

CamScanner